দৈনিক ইত্তেফাক

1 2 NOV 2008

# নবগঠিত দিনাজপুর শিক্ষা বোর্ডের অধীনে পরীক্ষা গ্রহণের সকল প্রস্তুতি সম্পন্ন

॥ মোঃ মতিউর রহমান, দিনাজপুর সংবাদদাতা ॥

২০০৯ সালে এসএসসি ও এইচএসসি পরীক্ষার গ্রহনের সকল প্রস্তুতি সম্পন্ন করেছে।

দিনাজপুর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড নানা প্রতিকূলতার মধ্যেও দক্ষতার সঙ্গে তাদের কার্যক্রম চালিয়ে যাচ্ছে। এবার এই বোর্ডের আওতায় ১ লাখ ৩০ হাজার এসএসসি ও ৮০ হাজার এইচএসসি ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ নিবে।

রংপুর এর ৫টিসহ মোট ৮টি জেলা নিয়ে এই শিক্ষা বোর্ড। এর অধিনে মোট ৩ হাজার ১শ ৮৪টি স্কুল ও ৫শ ১৩টি কলেজ রয়েছে। দিনাজপুর শহরের পুলহাট এলাকায় অবস্থিত পি,ডাব্লিউ,ডি এর ষ্টাফ কোয়ার্টারের ভবনটি দিনাজপুর শিক্ষা বোর্ডের কার্যালয় হিসাবে ব্যবহার করা হচ্ছে। এখানে ২০০৬ সালে একজন চেয়ারম্যান যোগদান করেন।

শিক্ষা বোর্ড পরিচালনার জন্য যে পরিমান যায়গা প্রয়োজন তা নেই। ফলে নানা সমস্যার মধ্যে কর্মকর্তা-কর্মচারীদের কাজ করতে হচ্ছে।

শিক্ষা বোর্ড পরিচালনার জন্য জনবল সমস্যা রয়েছে। বর্তমানে প্রেষনে নিয়োজিত ১২ জন কর্মকর্তা ও অস্থায়ী দিনহাজিরা ভিত্তিতে কাজ করার অনুমোতি প্রাপ্ত ১৮০ জন এর মধ্যে ১০০ জন কর্মচারি দ্বারা অফিসের সার্বিক কার্যক্রম পরিচালিত হচ্ছে। যা বোর্ডের কার্য পরিধির তুলনায় খুব কম। নতুন সৃজন ১১টি এবং রাজশাহী শিক্ষা বোর্ডে হতে স্থানান্তরিত ১৩৯টি পদসহ মোট ১৫০টি পদ নিয়ে অত্র বোর্ডের জনবল কাঠামো দিনাজপুর শিক্ষা বোর্ডের জন্য সংস্থাপন মন্ত্রনালয়, অর্থ মন্ত্রনালয় ও শিক্ষা মন্ত্রনালয় কর্তৃপক্ষ অনুমোদন দিয়েছেন। কয়েক জন কর্মকর্তা প্রেষনে ও ১৩২ জন কর্মচারী সরাসরি নিয়োগের অনুমোতি চাওয়া হয়েছে।

এদিকে শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ চরম আর্থিক ও কাগজের সমস্যায় পড়েছে। শিক্ষা বোর্ড সমূহ নিজস্ব অর্থায়নে প্রতিষ্ঠিত ও পরিচালিত হয়। সরকারের কোন আর্থিক সাহায্য বোর্ড সমূহ পায় না। দিনাজপুর শিক্ষা বোর্ড রাজশাহী শিক্ষা বোর্ড হতে সৃষ্টি। দিনাজপুর শিক্ষা বোর্ড প্রতিষ্ঠাকল্পে শিক্ষা মন্ত্রণালয় রাজশাহী শিক্ষা বোর্ডকে ৪ কোটি ৪৫ লাখ ৬০ হাজার টাকা প্রদানের নির্দেশ দেয়। কিন্তু রাজশাহী শিক্ষা বোর্ড মাত্র ৫০ লাখ টাকা প্রদান করেছে। বাকি টাকা না দেয়ায় বিষয়টি শিক্ষা মন্ত্রনালয়কে অবহিত করা হলে শিক্ষা মন্ত্রনালয় গত দিনাজপুর শিক্ষা বোর্ডের অনুকূলে ২ কোটি টাকা প্রদানের জন্য রাজশাহী শিক্ষা বোর্ড এর চেয়ারম্যানকে নির্দেশ দেয়। সে নির্দেশ মোতাবেক রাজশাহী শিক্ষা বোর্ড কাজ না করলে মন্ত্রণালয় পুনরায় ১ কোটি টাকা প্রদানের নির্দেশ দিলে রাজশাহী শিক্ষা বোর্ড ৭৫ লাখ টাকা দিনাজপুর শিক্ষা বোর্ড এর অনুকূলে প্রদান করে। এতে আর্থিক সমস্যার কিছুটা সমাধান হয়। কিন্তু ২০০৯ সালে এসএসসি ও এইচএসসি পরীক্ষা গ্রহনের পূর্ব প্রস্তুতি হিসাবে উত্তরপত্র তৈরির জন্য ১ কোটি ২৫ লাখ, প্রশ্নপত্রের কাগজ ও মুদ্রণের জন্য ৭২ লাখ টাকা, প্রশ্নপত্র কেন্দ্রে প্রেরণের ষ্টীল ট্রাঙ্ক তৈরির জন্য ৫৪ লাখ টাকা, চটের বস্তার জন্য ২০ হাজার টাকা, ২টি গাড়ি ক্রয় বাবদ ৭৫ লাখ টাকা, আসবাবপত্র ৩ লাখ টাকা, গোডাউন ও সেমিনার কক্ষ নির্মান বাবদ ৫৬ লাখ টাকা ও ভবন মেরামত ৫২ লাখ টাকাসহ মোট ৩ কোটি ৭৭ লাখ ২০ হাজার টাকা প্রয়োজন। কিন্তু দিনাজপুর শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের কাছে সে পরিমান অর্থ নেই। ফলে আর্থিক সংকটের মধ্যে শিক্ষা বোর্ডর ভবিষ্যত কার্যক্রম ব্যহত হতে পারে বলে আশংকা করা হচ্ছে।